তারিখ 22 SEP 2017
পৃঃ ... ৭ ... কলাম ... ৫ ...

প্রথম আলো

# বেসরকারি শিক্ষক কর্মচারীদের চাকরি জাতীয়করণের দাবি

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের চাকরি জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী সমন্বয় পরিষদ। গতকাল বৃহস্পতিবার বাড্ডার ঢাকা মহানগর মহাবিদ্যালয়ের অফিস কক্ষে সমন্বয় পরিষদের এক সভা থেকে এ দাবি জানানো হয়।

সমন্বয় পরিষদের সভায় বক্তারা বলেন, বর্তমানে কিছু শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ করা হচ্ছে। এতে শিক্ষা ক্ষেত্রে বৈষম্য বেড়ে চলেছে। কিন্তু ২০১০ সালের জাতীয় শিক্ষানীতিতে শিক্ষা ক্ষেত্রে সব বৈষম্য দূরীকরণের কথা বলা হয়েছে।

সভা থেকে আগামী ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবসের আগেই সব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়। সমন্বয় পরিষদের সহসভাপতি ফৈজী আকতারের সভাপতিত্বে সংগঠনটির মহাসচিব শেখ আবদুস সালাম, জ্যেষ্ঠ সহসভাপতি মো. শহীদুল্লাহ মোল্লা প্রমুখ বক্তব্য দেন।

ASTD/220917